কামালবাজার ইউনিয়ন বিএনপির দোয়া মাহফিল

ডেস্ক রিপোর্ট: দক্ষিণ সুরমা উপজেলার প্রবীণ বিএনপি নেতা ও কামালবাজার ইউনিয়ন বিএনপির প্রতিষ্ঠাতা সভাপতি আব্দুস সালাম অসুস্থ। তার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল করেছে কামালবাজার ইউনিয়ন বিএনপি। শনিবার বাদ আসর কামালবাজার পুরানগাও মোকামবাড়ী জামে মসজিদে উক্ত দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। মাহফিলে বিএনপি অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন। মাহফিলে অসুস্থ বিএনপি নেতা আব্দুস সালামের রোগমুক্তি ও সুস্থতা কামনায় বিশেষ মোনাজাত করা হয়। এছাড়া মাহফিলে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান, ছোট ছেলে আরাফাত রহমান কোকো’র মাগফেরাত, গণতন্ত্রের মা বেগম খালেদা জিয়ার সুস্থতা ও দীর্ঘায়ু, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা এবং দেশ জাতির মঙ্গল কামনায় মোনাজাত করা হয়।
মাহফিলে উপস্থিত ছিলেন, সিলেট জেলা বিএনপির সাবেক ক্ষুদ্র ঋণ বিষয়ক সম্পাদক এনামুল হক মাক্কু, দক্ষিণ সুরমা উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মহিবুর রহমান, কামালবাজার ইউনিয়ন বিএনপি’র সভাপতি হাজী গুলজার আলী, সহ সভাপতি হাজী বশির মিয়া, সাধারণ সম্পাদক দেলোয়ার হোসেন, দক্ষিণ সুরমা উপজেলা বিএনপির সহ ছাত্র বিষয়ক সম্পাদক মাসুম পারভেজ, কামালবাজার ইউনিয়ন বিএনপি’র যুগ্ম সাধারণ সম্পাদক সুমন আহমদ বিপ্লব, সাংগঠনিক সম্পাদক আব্দুল মহিম, দক্ষিণ সুরমা উপজেলা বিএনপির সহ তাতী বিষয়ক সম্পাদক আব্দুস শুকুর সফিক, জেলা যুবদল নেতা মাসুদ চৌধুরী, বিএনপি অঙ্গ সংগঠনের নেতাকর্মীদের মধ্য থেকে আব্দুল হান্নান শাহেদ, ফয়সল আহমদ, ইরন মিয়া, নান্নু মিয়া, সামছুদ্দিন শুভ, কামাল আহমদ ও দেলোয়ার আহমদ প্রমূখ। বিজ্ঞপ্তি